

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.ccb.gov.bd

তারিখ: ২৪ অক্টোবর ২০২১
০৮ কার্তিক ১৪২৮

প্রেস রিলিজ

এ্যাডভোকেসি কার্যক্রমের অংশ হিসেবে ২৪ অক্টোবর ২০২১ তারিখ রবিবার বরিশাল সার্কিট হাউসে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে এবং বিভাগীয় প্রশাসন, বরিশাল ও জেলা প্রশাসন, বরিশালের সার্বিক সহযোগিতায় "ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা" শীর্ষক বরিশাল বিভাগীয় সেমিনার অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং সভাপতিত্ব করেন জনাব মো: আব্দুর রাজ্জাক, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন জনাব প্রণয় চিসিম, অতিরিক্ত পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ। সেমিনারে কমিশনের সদস্যবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ, প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল বিভাগের চারটি জেলার জেলা প্রশাসকবৃন্দ, বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, চেম্বার প্রতিনিধি, ব্যবসায়ী, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উক্ত সেমিনারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রমের বিভিন্ন দিক, প্রতিযোগিতা আইন বাস্তবায়নের সুফল, আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পৃক্ততা ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কমিশনের গুরুত্ব বিষয়ে আলোচনা করা হয়। সেমিনারে অংশগ্রহণকারীগণ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বাস্তবায়নে সর্বাঙ্গিক সহায়তা প্রদানের অঙ্গিকার ব্যক্ত করেন।


(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা

E-mail: librarian@ccb.gov.bd